



পশ্চিমবঙ্গ সরকার  
মহকুমা শাসকের করণ  
গঙ্গারামপুর, বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর

পত্রাঙ্ক: 1124/ASHA/SDO(G)/2020

তারিখ: 13.03.2020

**বিজ্ঞপ্তি**

**চুক্তির ভিত্তিতে পঞ্চায়েত এলাকার নির্দিষ্ট মৌজা সমূহে আশা (ASHA) শূন্য পদের জন্য নিয়োগ**

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় স্বাস্থ্য মিশন - এর 09.11.2015 তারিখের পত্র নং HFV/NRHM-272/2010/Pt 1/3288 এর আদেশনামা অনুযায়ী, দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর মহকুমার অন্তর্গত 2 টি ব্লকের ASHA (শূন্য পদের সংখ্যা 04) নিয়োগের উদ্দেশ্যে ওই এলাকার গ্রামগুলিতে বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শূন্যপদের বিস্তারিত তথ্য এবং আবেদন পত্র 13.03.2020 তারিখ থেকে সংশ্লিষ্ট বি.ডি.ও. এবং বি.এম.ও.এইচ. অফিস থেকে পাওয়া যাবে।

বিস্তারিত বিবরণ নিম্নলিখিত ওয়েব সাইটে ও পাওয়া যাবে-[www.wbhealth.gov.in](http://www.wbhealth.gov.in) অথবা [www.ddinaipur.nic.in](http://www.ddinaipur.nic.in)

**ASHA নিয়োগের ক্ষেত্রে নির্দেশাবলী:**


১. কেবলমাত্র বিবাহিতা/বিধবা/আইনগত ভাবে বিবাহ বিচ্ছিন্না মহিলা প্রার্থীরাই আবেদন করতে পারেন।
২. প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে। অন্য গ্রামের কোন প্রার্থী আবেদন করলে তার আবেদন পত্রটি বাতিল বলে গণ্য করা হবে।
৩. সাধারণ প্রার্থীর বয়স ০১/০১/২০২০ তারিখ পর্যন্ত ৩০ থেকে ৪০ বৎসরের মধ্যে হতে হবে। শুধুমাত্র তপশীলী জাতি ও উপজাতি মহিলাদের ক্ষেত্রে বয়স ২২ থেকে ৪০ বৎসর হলেও চলবে।
৪. প্রার্থীদের মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ বা অবতীর্ণ হতে হবে। শুধুমাত্র মাধ্যমিক বা তার সমতুল্য পরীক্ষার প্রাপ্ত নম্বরই বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও আবেদন করতে পারেন, কিন্তু উচ্চতর শিক্ষাগত যোগ্যতার কোন মূল্যায়ন হবে না।
৫. গ্রেড -১ এবং গ্রেড -২ স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা, প্রশিক্ষণ প্রাপ্ত ধাই এবং লিঙ্ক ওয়ার্কার গন সংশ্লিষ্ট বিভাগের শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার পাবেন।
৬. আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত প্রমাণপত্রের প্রতিটির প্রত্যায়িত প্রতিলিপি জমা দিতে হবে। কেবলমাত্র সরকারী আধিকারিকদের দ্বারা প্রত্যায়িত প্রমাণপত্রই গ্রাহ্য হবে। প্রমাণপত্র গুলি হল: (ক) জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার এডমিট কার্ড/ সার্টিফিকেট। (খ) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ বা অবতীর্ণ হওয়ার মার্কসিট, (গ) এলাকার বাসিন্দা হিসাবে ভোটার আইডেন্টিটি কার্ড/ রেশন কার্ড, (ঘ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণ পত্র (শুধুমাত্র তপশীলী জাতি ও উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) (ঙ) প্রার্থীর স্বাক্ষর সহ দুই কপি সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ফটো। প্রমাণপত্রের যে কোন একটি আবেদন পত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র গ্রাহ্য হবে না।
৭. নির্দিষ্ট বয়ানে পুরন করা আবেদনপত্র 02.04.2020 তারিখ বিকেল ৫ টা পর্যন্ত সংশ্লিষ্ট বি. ডি. ও. অফিসে (B.D.O. Office) জমা নেওয়া হবে।

স্ব. দেবমণ্ড  
১৩/৩/২০২০  
মহকুমা শাসক

গঙ্গারামপুর, বুনিয়াদপুর  
দক্ষিণ দিনাজপুর

## Vacancy List of ASHA under Gangarampur Sub-Division

Sl No	Name of the Block	Name of G.P.	Name of Sub-Centre	Vacant area Village	Resarvation Status	No of Vacancy
1	Bansihari	Ellahabad GP	Jamar	Jamar	ST	01
2	Harirampur	Gokarna G.P.	Borogram	Barsinghar, Etbarpur, Uddhabpur	SC	01
3	Harirampur	Gokarna G.P.	Chahatpur	Chandipur	Gen	01
4	Harirampur	Saiyedpur	Bishohar	Shyamganj	SC	01

  
Sub-Divisional Officer  
Gangarampur at Buniadpur  
&  
Member Secretary,  
ASHA Selection Committee